# কেস স্টাডি

বাংলা নববর্ষ আমাদের জীবনে এক নতুন আশার বার্তা নিয়ে আসে। প্রতি বছর পয়লা বৈশাখে বাঙালি জাতি নতুন বছরকে আনন্দ ও উৎসাহের সঙ্গে বরণ করে। এই দিনে মানুষ পুরোনো দুঃখ-কষ্ট, ব্যর্থতা ও হতাশা ভুলে নতুনভাবে জীবন শুরু করার সংকল্প গ্রহণ করে। ভোরবেলা থেকেই চারিদিকে উৎসবের আমেজ ছড়িয়ে পড়ে। মানুষ পরিষ্কার-পরিচ্ছন্ন নতুন পোশাক পরে, আত্মীয়-স্বজন ও বন্ধুদের সঙ্গে দেখা করে এবং একে অপরকে আন্তরিক শুভেচ্ছা জানায়। অনেকেই বাড়িতে বিশেষ খাবার তৈরি করে এবং মিষ্টি খেয়ে আনন্দ ভাগ করে নেয়।
গ্রামবাংলায় এই দিনে বসে জমজমাট মেলা, যেখানে নানা রকম খেলনা, মিষ্টি ও লোকজ সামগ্রী বিক্রি হয়। অন্যদিকে শহরে আয়োজন করা হয় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, যেমন—গান, নৃত্য, আবৃত্তি ইত্যাদি। এইসব অনুষ্ঠানের মাধ্যমে বাঙালির ঐতিহ্য ও সংস্কৃতি নতুন প্রজন্মের কাছে পৌঁছে যায়। ব্যবসায়ীরা এই দিন 'হালখাতা' করে পুরোনো হিসাব শেষ করে নতুন খাতা খুলে থাকেন, যা নতুন সূচনার প্রতীক।
বাংলা নববর্ষ শুধু একটি উৎসব নয়, এটি আমাদের জীবনে নতুন করে এগিয়ে চলার প্রেরণা জোগায়। এটি আমাদের শেখায়—জীবনে যত বাধা-বিপত্তিই আসুক না কেন, সাহস ও আশা নিয়ে সামনে এগিয়ে যেতে হবে। তাই পহেলা বৈশাখ আমাদের কাছে কেবল আনন্দের দিন নয়, বরং নতুন স্বপ্ন ও সম্ভাবনার সূচনার দিন।

i. মানুষ কেন নববর্ষে নতুনভাবে শুরু করতে চায়?
নতুন পোশাক পরতে/ পুরোনো দুঃখ ভুলতে / মেলা দেখতে /কাজ এড়াতে।

ii. 'হালখাতা' কী নির্দেশ করে?
পুরোনো হিসাব রাখা / নতুন হিসাব শুরু করা / দোকান বন্ধ করা / লাভ কমানো

iii. তুমি যদি নববর্ষের শিক্ষা অনুসরণ করতে চাও, কোন কাজটি সবচেয়ে উপযুক্ত?
পুরোনো কষ্ট মনে রাখা / নতুনভাবে শুরু করা / একা থাকা / কাজ এড়ানো।

iv. একজন ব্যবসায়ী 'হালখাতা' করলেন। এর মাধ্যমে তিনি কী বোঝাতে চান?
ব্যবসা বন্ধ করা / নতুন হিসাব শুরু করা / পুরোনো হিসাব রাখা / দোকান বিক্রি করা

v. নববর্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের মূল উদ্দেশ্য কী?
বিনোদন বন্ধ করা / ঐতিহ্য ও সংস্কৃতি তুলে ধরা / পড়াশোনা করা / ব্যবসা বাড়ানো

মন্তব্য ও কারণ বিষয়ে সঠিক বিকল্পটি বেছে নাও।
vi. মন্তব্য : নববর্ষে মানুষ নতুনভাবে শুরু করার সংকল্প নেয়।
কারণ : মানুষ এই দিনে পুরোনো দুঃখ-কষ্ট ভুলে যায়।
মন্তব্য সঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল, কারণ সঠিক / মন্তব্য ও কারণ দুটোই সঠিক / মন্তব্য ও কারণ দুটোই ভুল।

vii. মন্তব্য: শহরে পয়লা বৈশাখে মেলা বসে।
মন্তব্য: নতুন বছরকে স্বাগত জানানো হয়।
মন্তব্য সঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল, কারণ সঠিক / মন্তব্য ও কারণ দুটোই সঠিক / মন্তব্য ও কারণ দুটোই ভুল।

viii. 'আনন্দ' শব্দের সমার্থক কোনটি?
দুঃখ/ খুশি / ভয় / কষ্ট

ix. 'খাতা' শব্দের বহুবচন—
খাতা / খাতাগুলো / খাতারা / খাতাসমূহ

x. 'পরিষ্কার' শব্দের বিপরীত—
সুন্দর / নোংরা / মসৃণ / ভালো

*****